# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 29 June, 2025

সারা দেশে আগামী ১ জুলাই থেকে ৩০ জুলাই পর্যন্ত 'দেশ গড়তে জুলাই পদযাত্রা' কর্মসূচি পালন করবে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)।

রোববার (২৯ জুন) সকালে রাজধানীর বাংলামোটরে দলটির অস্থায়ী কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এই কর্মসূচি ঘোষণা করেন এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম।

নাহিদ ইসলাম জানান, 'জুলাই গণঅভ্যুত্থান'-এর বর্ষপূর্তিকে কেন্দ্র করে এ কর্মসূচির আয়োজন করা হয়েছে। তিনি বলেন,

"দেখতে দেখতে একটি বছর পার হয়ে গেছে। আমাদের অনেক প্রাপ্তি যেমন আছে, তেমনি কিছু অপ্রাপ্তিও রয়েছে। ঐতিহাসিক জুলাই-আগস্টের ৩৬ দিন আমাদের জন্য গর্বের।"

কর্মসূচির সূচনা হবে শহীদ আবু সাঈদের কবর জিয়ারতের মাধ্যমে। এরপর দেশব্যাপী পদযাত্রা করে এই কর্মসূচি ঢাকায় এসে শেষ হবে।

এছাড়া আগামী ১৬ জুলাই 'বৈষম্যবিরোধী শহীদ দিবস' পালন করার ঘোষণা দিয়েছেন তিনি।

নাহিদ ইসলাম জাতীয় নাগরিক পার্টি বৈষম্যবিরোধী শহীদ দিবস জুলাই গণঅভ্যুত্থান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 30 June, 2025 07:35

URL: https://www.timestodaybd.com/politics/7758073880